# ধানে থ্রিপস পোকার আক্রমণ এবং করণীয়

পূর্ণবয়স্ক থ্রিপস খুবই ছোট (১-২ মিলিমিটার লম্বা), গাঢ় বাদামি রঙের। এরা পাখা বিশিষ্ট বা পাখা বিহীন হতে পারে। স্ত্রী পোকা পাতার মধ্যে ডিম ঢুকিয়ে দেয়। ডিমগুলো খুবই ছোট (১/৪ মিলি মিটার লম্বা)। প্রথম অবস্থায় ডিমগুলো স্বচ্ছ থাকে এবং ফোটার আগে আস্তে আস্তে হলদে রঙ ধারণ করে। সদ্য ফোটা ব্যাচ্চাগুলো কিছুক্ষণ নিশ্চল থাকে। পরে মাঝখানের কচি পাতা ও পাতার খোলে গিয়ে খাওয়া শুরু করে এবং পূর্ণবয়স্ক হওয়ার পরও তাদের জীবনকাল এখানেই কাটায়। এ পোকা বাচ্চা ও পূর্ণবয়স্ক উভয় অবস্থায় ধানের পাতার রস শুষে খায়। ধানের বীজতলা এবং প্রাথমিক কুশি অবস্থায় গাছ বেশী আক্রান্ত হয়। সব মৌসুমে এই পোকার প্রাদুর্ভাব দেখা যায় তবে আউশ মৌসুমে প্রকোপ বেশী থাকে। আক্রান্ত গাছের পাতাগুলো লম্বালম্বিভাবে মুড়িয়ে সূচের মত আকার ধারণ করে। খুব বেশী আক্রান্ত পাতা শুকিয়ে মারা যায়।



চিত্র ১: পূর্ণ বয়স্ক পোকা



চিত্র ২: ক্ষতির নমুনা

এই পোকার হাত থেকে ধান ফসল রক্ষার জন্য-

- আক্রান্ত জমিতে নাইট্রোজেন জাতীয় সার (ইউরিয়া) ব্যবহার করুন।
- আক্রমণ বেশি হলে নিম্নলিখিত তালিকার যেকোন একটি অনুমোদিত কীটনাশক সঠিক মাত্রায় প্রয়োগ করুন।

| **কীটনাশক** | | **প্রয়োগ মাত্রা/হেক্টর** |
|---|---|---|
| **জেনেরিক নাম** | **ব্র্যান্ড নাম** | |
| এমআইপিসি/আইসোপ্রোকার্ব | মিপসিন ৭৫ ডব্লিউপি,<br>সপসিন ৭৫ ডব্লিউপি | ১.১২ লিটার |
| কার্বারিল | সেভিন ৮৫ ডব্লিউপি,<br>ভিটাব্রিল সি ৮৫ ডব্লিউপি | ১.৭০ কেজি |

20.07.2025

**কীটতত্ত্ব বিভাগ,**
**বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট**